



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION

স্মারক: বাউবি/পরীক্ষা/এইচএসসি/ফলাফল/১৩৪/৯৮/৪৯

তারিখ: ০৫/০১/২০১৭

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : এইচএসসি পরীক্ষা - ২০১৫'এর ফলাফল পুনঃনিরীক্ষণ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা - ২০১৫ এর ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল পুনঃনিরীক্ষা করতে ইচ্ছুক তাদেরকে বাউবি'র নির্ধারিত ব্যাংকে পুনঃনিরীক্ষণ ফি (৫০০/-) জমা দিয়ে নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্র পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণের শেষ তারিখ ২৫/০১/২০১৭। পুনঃনিরীক্ষার আবেদনপত্র ডাকযোগে সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি, গাজীপুর বরাবর প্রেরণ করতে হবে। খামের উপর "এইচ.এস.সি পরীক্ষা ২০১৫ এর পুনঃনিরীক্ষণের আবেদনপত্র" কথাটি অবশ্যই লিখতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রেরিত কোন আবেদন বিবেচনা করা হবে না। পুনঃনিরীক্ষণ সংক্রান্ত তথ্যাদি শিক্ষার্থীদের অবগত করার ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ।

*daion*  
০৫/১/১৭  
(ড. মো: আসাদুজ্জামান উকিল)  
পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
- ৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সহকারী আঞ্চলিক পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।



স্মারক: বাউবি/পরীক্ষা/এইচএসসি/ফলাফল/১৩৪/৯৮/৫৫

তারিখ: ০২/০১/২০১৭

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : এইচএসসি পরীক্ষা -২০১৫' এ পুন: অংশগ্রহণ প্রসঙ্গে।


জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা - ২০১৫ এর ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে তাদের পুনঃ পরীক্ষার ফি জমাদানপূর্বক পুন: পরীক্ষার আবেদন গ্রহণ ও তালিকাভুক্ত করে পরীক্ষা বিভাগে প্রেরণ সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত সূচি অনুসরণ করতে হবে।

(ক)	পুন: পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের পুন: পরীক্ষা ফি জমাদান পূর্বক আবেদন করার সর্বশেষ তারিখ	১৫/০৩/২০১৭
(খ)	আঞ্চলিক কেন্দ্রে থেকে পুন: পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা পরীক্ষা বিভাগে পৌঁছানোর তারিখ (পরীক্ষা বিভাগে কেবলমাত্র পুন: পরীক্ষার তালিকা প্রেরণ করতে হবে। শিক্ষার্থীদের আবেদন প্রেরণ করার প্রয়োজন নেই)। এছাড়াও পুন: পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা অনলাইনে পরীক্ষা নিয়ন্ত্রকের ঠিকানায় প্রেরণ করতে হবে।	২২/০৩/২০১৭

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর পুন: পরীক্ষার কোন আবেদন গ্রহণ করা হবে না। বিষয়টি সকল স্টাডি সেন্টারসহ শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হল।

ধন্যবাদসহ।

  
০৫/০১/১৭

(ড. মো: আসাদুজ্জামান উকিল)

পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ৩। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী আঞ্চলিক পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংরক্ষণ নথি।



স্মারক: বাউবি/পরীক্ষা/এইচএসসি/ফলাফল/১৩৪/৯৮/৩২

তারিখ: ০৫/০১/২০১৭

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : এইচ.এস.সি পরীক্ষা ২০১৫ এর ফলাফল সংক্রান্ত অভিযোগ প্রেরণ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.সি পরীক্ষা ২০১৫ এর ১ম ও ২য় বর্ষেও ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। কোর্স সংক্রান্ত জটিলতা, আই ডি নম্বরের অস্পষ্টতা বা ফি পরিশোধ সংক্রান্ত যথাযথ সুপারিশ থাকা সত্ত্বেও কোন শিক্ষার্থীর ফলাফল প্রকাশ না হয়ে থাকলে তাকে অনলাইনে ফলাফল সংক্রান্ত বিষয়ে অভিযোগ করতে হবে। এইচ.এস.সি পরীক্ষা-২০১৫ এর ফলাফলের সমস্যা সংক্রান্ত আবেদন ফরম [exam.bou.edu.bd](http://exam.bou.edu.bd) এই ওয়েব ঠিকানায় আগামী ০৫/০১/২০১৭ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা হতে পাওয়া যাবে। উক্ত ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ০৮/০২/২০১৭ খ্রি: তারিখের মধ্যে উল্লেখিত ওয়েব ঠিকানায় প্রেরণ করতে হবে এবং উক্ত অভিযোগের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে অভিযোগ আই.ডি. ও স্টুডেন্ট আই.ডি. দিয়ে উক্ত ওয়েব সাইটে অভিযোগের উত্তর পাওয়া যাবে। নির্ধারিত তারিখের পর কোন অভিযোগ গ্রহণ করা হবে না। **On Line** ছাড়া সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। বর্ণিত বিষয়গুলো সংশ্লিষ্ট সকলকে অবগত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদসহ,

*Asaduzzaman*  
05/1/17

(ড. মো: আসাদুজ্জামান উকিল)

পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
- ৪। একান্ত সচিব-১/একান্ত সচিব-২, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।